স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২০শে জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭১ ইংরাজী 3rd June 1964 | ৩য় সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**
কেরোসিন কুকার

বিপুলতা আসবে।

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে
জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেণ্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ ( বাস ষ্ট্যাণ্ড )

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২০শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭১ সাল।

## ভারতের প্রিয় জননায়কের মহাপ্রয়াণ

—০—

প্রজাতান্ত্রিক ভারতের প্রথম প্রধান মন্ত্রী, বিশ্ববরেণ্য নেতা, বিশ্বশান্তির একনিষ্ঠ সাধক, চিন্তাশীল সংগঠক, ভারতের প্রিয় প্রধান মন্ত্রী জওহরলাল নেহেরু দেশের মানুষকে শোকসাগরে ডুবাইয়া ২৭শে মে বুধবার বেলা ২-২১ মিনিটে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর মৃত্যুতে দেশের যে ক্ষতি হইল তাহা অপূরণীয়। মৃত্যুকালে তাঁহার বয়স ৭৪ বৎসর ৫ মাস হইয়াছিল। আমরা তাঁহার পরলোকগত অমর আত্মার শান্তি কামনা করিয়া তাঁহার শোক-সন্তপ্ত পরিজনবর্গের গভীর শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

## শোক-প্রকাশ

গত ২৭শে মে প্রধান মন্ত্রীর মৃত্যু সংবাদ ঘোষিত হওয়ার অব্যবহিত পরে জঙ্গিপুর রঘুনাথগঞ্জে দোকানপাট বন্ধ হয়, অফিস আদালত ছুটি হইয়া যায়। সর্ব্বত্র গভীর শোকের ছায়া নামিয়া আসে।

পরদিন ২৮শে মে বৃহস্পতিবার সমস্ত দোকান-পাট ও অফিস আদালত সম্পূর্ণভাবে বন্ধ থাকে। জঙ্গিপুর সহরে পৌরপতির নেতৃত্বে এক দীর্ঘ মৌন শোক-শোভাযাত্রা বাহির হয়। উহা শহর পরিক্রমা শেষে জঙ্গিপুর উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এক শোকসভা অনুষ্ঠিত হয়।

রঘুনাথগঞ্জ সদর ঘাট হইতে মৌন শোক-মিছিল বাহির হয় এবং বৈকালে সদর ঘাটে এক শোকসভা হয়। বহু প্রতিষ্ঠান নেহেরুর প্রতিকৃতিতে মাল্য ও পুষ্পার্ঘ্য অর্পণ করিয়া তাঁহাদের অন্তরের আবেগপূর্ণ শ্রদ্ধা নিবেদন করেন।

জঙ্গিপুর মহকুমার অন্তর্গত সুতী, সমসেরগঞ্জ, ফরক্কা ও সাগরদীঘি থানার গ্রাম সমূহে পণ্ডিত নেহেরুর মৃত্যু সংবাদ পৌঁছিবামাত্র সর্ব্বত্র গভীর শোকের ছায়া পতিত হয় এবং সঙ্গে সঙ্গে দোকান-পাট বন্ধ হইয়া যায়।

## নেহেরুজীর মুর্শিদাবাদ আগমন

ভারতের প্রিয় প্রধান মন্ত্রী জওহরলাল নেহেরু আমাদের মুর্শিদাবাদ জেলায় দুইবার আগমন করেন। ১৯৫৬ সালে ডিসেম্বর মাসে কান্দী মহকুমার প্রলয়ঙ্করী বন্যার সময় ও ১৯৬২ সালের ২৫শে ডিসেম্বর নবগ্রামে আচার্য্য বিনোবা ভাবের সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছিলেন। তাঁহাকে দর্শন করিবার জন্য গ্রামাঞ্চলের লক্ষ লক্ষ ব্যক্তি সমবেত হইয়াছিল।

২৮শে মে বৃহস্পতিবার দিল্লীর রাজঘাটে জাতির জনক মহাত্মা গান্ধীর সমাধির অনতিদূরে জাতির মহানায়কের শেষ চিতা-শয্যা রচিত হইল। সেই চিতা-শয্যায় সব শেষ হইয়া গেল। মৃত্যুর মধ্যেই নেহেরু আজ মহামৃত্যুঞ্জয়ী।

নিষ্ঠুরা নিয়তির কঠোর অলঙ্ঘনীয় নির্দ্দেশে ভারত-জননী আজ তাহার প্রিয় সন্তান হারাইল। জাতি হারাইল তাহার প্রিয়তম নেতা।

এই মহাজীবনের অবসানে জাতি আজ কি হারাইল—আসন্ন ভবিষ্যৎ তাহার বিচার করিবে। দেশ কতখানি হারাইল—জাতির কতখানি ক্ষতি হইল তাহার পরিমাপ করা আজ সম্ভব নহে। শুধু বলিতে পারা যায়, এই মহাজীবনের অবসানে জাতীয়জীবনের বিরাট শূন্যতা পূরণ করিবার আর কেহ রহিল না।

এই প্রিয়তম নেতার মহাপ্রয়াণে সমগ্র জাতি আজ কাঁদিতেছে। শান্তিকামী সারা বিশ্ব আজ শোকাহত হৃদয়ে অশ্রু বিসর্জ্জন করিতেছে। এই মহাজীবনের মহাপ্রয়াণের বিয়োগ-বেদনা উত্তাল সমুদ্র-তরঙ্গের মত জাতীয় ও আন্তর্জাতিক জগতকে আলোড়িত করিবে জানি। আজ নেহেরুজী নাই—নেহেরুজী অমর হউন।

---

## নিষ্ফল প্রয়াস

নয়াদিল্লি ১লা জুন— শ্রী নেহরুর মৃত্যুর কয়েক ঘণ্টা আগে শ্রীমতী ইন্দিরা গান্ধী তাঁহার নিজ দেহ হইতে এক বোতল রক্ত দিয়া তাঁহার পিতার জীবন রক্ষার জন্য নিষ্ফল চেষ্টা করেন বলিয়া এখন জানা গিয়াছে। ২৭শে মে সকালে শ্রী নেহরুর অবস্থার অবনতি ঘটিতে থাকায় চিকিৎসকরা তাঁহার দেহে রক্ত দিবার পরামর্শ দেন।

শ্রীমতী গান্ধী জোর দিয়া বলেন, তাঁহার পিতার শরীরে একমাত্র তাঁহার রক্তই দিতে হইবে। চিকিৎসকরা তাঁহার ইচ্ছার কাছে নতি স্বীকার করেন এবং তাঁহার দেহ হইতে এক বোতল রক্ত লইয়া শ্রী নেহরুর শরীরে দেন। কিন্তু হায়! সে রক্ত কোন কাজেই আসিল না।

---

## বৃষ্টি অভাবে ধান ও পাটের ক্ষতি

জঙ্গিপুর মহকুমায় দীর্ঘ দিন বৃষ্টি না হওয়ায় বাগড়ী অঞ্চলে ভাদুই ধান ও পাটের বড় বড় চারা গাছ শুকাইয়া যাইতেছে। শীঘ্র বৃষ্টি না হইলে উভয় ফসলই নষ্ট হইয়া যাইবে।

রাঢ় দেশে সমস্ত ধানের বীজের জমির চারা গাছ শুকাইয়া যাইতেছে অল্পদিন মধ্যে বৃষ্টি না হইলে চারাগুলি নষ্ট হইবে। সকলেই সঞ্চিত বীজের ধান মাঠে ফেলিয়াছে। এই চারা নষ্ট হইয়া গেলে লোকে বীজের ধান অভাবে জমি আবাদ করিতে পারিবে না। এবার বহু জমি পতিত থাকিবে বলিয়া লোকে আশঙ্কা করিতেছে।

---

## সর্প দংশনে মৃত্যু

দিন কয়েক পূর্ব্বে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত আইলেরউপর গ্রামের শ্রীবরহন মণ্ডলের স্ত্রীকে বিষধর সর্পে দংশন করে। কয়েক ঘণ্টার মধ্যেই মহিলাটী মৃত্যুমুখে পতিত হয়।

কয়েকদিন হইল রঘুনাথগঞ্জের নিকটবর্ত্তী দফরপুর গ্রামের একটী মুসলমান বালক রাত্রে বাগানে আম কুড়াইতে যায় সেখানে তাহাকে সর্পে দংশন করে। সকালবেলায় বালকটী মারা যায়।

---

## মুনাফাবাজি নিরোধ অভিযান

তেল, মাছ ও চালের দোকানে হানা

মুনাফাবাজি নিরোধ অভিযান কালে কলিকাতা এনফোর্সমেন্ট পুলিশ তেল, মাছ ও চালের বাজারে মোট ৬৬৮টি দোকান এবং ব্যবসায় প্রতিষ্ঠানে হানা দেয়। আইনভঙ্গের অভিযোগে মোট ১১ জন ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়—তাহাদের মধ্যে ৪ জন চাউলের, ৪ জন তেলের এবং ৩ জন মাছের ব্যাপারী।

---

## জলে ডুবিয়া বালকের মৃত্যু

বিগত ১০ই জ্যৈষ্ঠ রবিবার রঘুনাথগঞ্জের শ্রীকালিদাস সেনের দশম বর্ষীয় ভ্রাতুষ্পুত্র শ্রীমান্ সাহু ভাগীরথী নদীতে স্নান করিতে গিয়া ডুবিয়া মারা গিয়াছে। বালকের অকাল মৃত্যুর জন্য পরিচিত সকলেই ব্যথিত হইয়াছে। বালকের মাতা ও আত্মীয়স্বজনকে সান্ত্বনা দিবার ভাষা নাই। একমাত্র ভগবানই ভরসা।

---

## পরলোকে যোগেন্দ্র গুপ্ত

বাংলার খ্যাতনামা সাহিত্যিক শিশুভারতীর স্রষ্টা শ্রীযোগেন্দ্রনাথ গুপ্ত ১৭ই জ্যৈষ্ঠ রবিবার বেলা ১ ঘটিকায় চারু এভিনিউস্থিত তাঁহার কন্যার বাসভবনে পরলোকগমন করেন। সন্ধ্যায় কেওড়াতলা শ্মশানে তাঁহার অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন হয়। মৃত্যুকালে তাঁহার বয়স ৮২ বৎসর হইয়াছিল। তাঁহার মৃত্যু সংবাদ পাইয়া তাঁহার বহু সাহিত্যিক বন্ধু এবং গুণমুগ্ধ নাগরিক উক্ত বাসভবনে অথবা শ্মশানে গিয়া বাংলার এই কৃতী সাহিত্যিকের প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করেন। মৃত্যুকালে তিনি ৩ পুত্র ৬ কন্যা ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন।

## বিকল টিউবওয়েল

রঘুনাথগঞ্জ চাউলপটির মোড়ের টিউবওয়েলটা নষ্ট হইয়া গিয়াছে। পানীয় জলের অভাবে এই পল্লীর জনগণ বিশেষ অসুবিধায় পড়িয়াছেন। শীঘ্র এই টিউবওয়েল চালু করার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

### জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

১৪৫/৬৪ অন্য

বাদী—শ্রীহৃষিকেশ দাস সাং ইচলীপাড়া থানা সুতী। বিবাদী—হিন্দু সাধারণ পক্ষে শ্রীরাধেশ্যাম দাস দিং

দেওয়ানী কার্য্যবিধি আইনের অর্ডার
১ রুল ৮ মতে বিজ্ঞপ্তি

যেহেতু উপরোক্ত বাদী তাহার নিব্যূঢ় স্বত্ব-দখলীয় উল্লেখে থানা সুতী মৌজা ইচলীপাড়া মধ্যে ১৬০৮নং খতিয়ানভুক্ত ১১৩৬নং দাগের সম্পত্তি সম্বন্ধে প্রভিশনাল সেটেলমেন্ট রেকর্ডে "হিন্দু সাধারণের ব্যবহার্য্য" এই মন্তব্য ভ্রমাত্মক baseless ultra vires এবং without jurisdiction মতে তাহাতে বাদীর স্বত্ব থাকা সাব্যস্তে চিরস্থায়ী নিষেধাজ্ঞার প্রার্থনায় পশ্চিমবঙ্গ রাজ্য সরকার সহ অন্যান্য বিবাদীগণের বিরুদ্ধে মোকর্দ্দমা দায়ের করিয়াছেন। এ বিষয়ে হিন্দু সাধারণপক্ষে অন্য কাহারও কোন আপত্তি বা জবাব থাকিলে আগামী ১২-৬-৬৪ তারিখে আদালতে উপস্থিত হইয়া দাখিল করিবেন। তদনুযায়ী মোকর্দ্দমা নিষ্পত্তি করা হইবে।

By order of the Court
B. B. Ghosh,
Sharistadar, Munsif's Court,
Jangipur.

30. 5. 64

---

Wanted for Barala Ramdas Sen H/S School. P. O. Barala, Dt. Murshidabad, an M. Sc. or Hons graduate in Zoology or Botany on pay as per G. A. rules. Pass-graduates in Biological science may also apply. Apply by 18 6. 64 to the secretary.

---

## মুর্শিদাবাদ ইনষ্টিটিউট্ অব টেকনোলজি

কাশিমবাজার রাজ পোঃ
বহরমপুর, পশ্চিমবঙ্গ

## ভর্ত্তির দরখাস্ত—১৯৬৪-৬৫

১৯৬৪-৬৫ সালের মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও সিভিল ইঞ্জিনীয়ারিংএ (এল. এম. ই., এল. ই. ই. ও এল. সি. ই.) তিন বৎসরের ডিপ্লোমা পাঠক্রমে ভর্ত্তির জন্য নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

প্রিন্সিপ্যালের অফিস হইতে যে কোন কার্যের দিন বেলা ১০-৩০ মিনিট হইতে ৩টা পর্য্যন্ত ব্যক্তিগতভাবে নগদ ৫০ নঃ পঃ প্রদানে অথবা নিজস্ব ঠিকানা সম্বলিত ৩৫ নঃ পঃ ডাক টিকিট সহ ৯"×৪" মাপের খামের সহিত ৫০ নঃ পঃ মনি অর্ডারযোগে পাঠাইলেও দরখাস্তের ফরমের সহিত প্রস্পেক্টাস্ পাওয়া যাইবে। (প্রস্পেক্টাস সহ দরখাস্তের মূল্য বাবদ কোন পোষ্টাল অর্ডার গ্রাহ্য হইবে না)

দরখাস্ত ফরম যথাযথ পূরণপূর্ব্বক প্রিন্সিপ্যাল এম. আই. টি. বহরমপুরকে প্রাপক করিয়া দুই টাকা মূল্যের ক্রসড পোষ্টাল অর্ডার সংযোগে ১৫ই জুন, ১৯৬৪ তারিখের মধ্যে প্রিন্সিপ্যালের অফিসে অবশ্যই পৌছান চাই।

১লা জানুয়ারী ১৯৬৪ তারিখে বয়স অবশ্যই ১৫ বৎসরের নিম্নে এবং ২০ বৎসরের উর্দ্ধে না হয়। (তপশিলী সম্প্রদায়ভুক্ত প্রার্থীর ক্ষেত্রে এক বৎসর শিথিলযোগ্য।)

লিখিত ভর্ত্তি পরীক্ষা এবং নির্ব্বাচক মণ্ডলীর কাছে সাক্ষাৎকারের ফলাফলের উপর নির্ভর করিয়া তিন বৎসরের ডিপ্লোমা পাঠক্রমের প্রথম বার্ষিক শ্রেণীতে ভর্ত্তি করা হইবে—যে পরীক্ষা অনুমোদিত কোন বিদ্যায়তন হইতে স্কুল ফাইনাল অথবা সমতুল কোন পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর জন্য উন্মুক্ত। যে প্রার্থী স্কুল ফাইনাল অথবা কোন সমতুল পরীক্ষায় বসিয়াছে এবং এই বৎসর (জুলাই, ১৯৬৪) উত্তীর্ণ হইবার সম্ভাবনা রাখে, সেও নির্দ্ধারিত তারিখের মধ্যে দরখাস্ত করিতে পারে। পরীক্ষার ফলাফল বাহির হইবার ১০ দিনের মধ্যে মার্কসিটের নকল অবশ্যই পাঠাইতে হইবে।

ভর্ত্তির পরীক্ষা ১৯৬৪ সালের জুন মাসের শেষের দিকে অনুষ্ঠিত হইবে।

হষ্টেলে অল্পসংখ্যক সিট পাওয়া যাইতে পারে।

পি. সি. ঘোষ, প্রিন্সিপ্যাল।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## সাল্সিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল পঞ্চায়েৎ**, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়।**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮৩/১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৩ |





★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।

বিক্রেতা:—



কুণ্ডু হার্ডওয়ার ষ্টোর
খাগড়া মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)